ডকুমেন্টেশন কেন্দ্র
18 FEB 1996
014

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

নম্বর—০১ তারিখ—জানুয়ারী [illegible], ১৯৮৯ ইং

# বিজ্ঞপ্তি

## ১৯৮৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার

## সময়সূচী

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ১৯৮৯ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী ও তারিখ নিম্নে প্রদত্ত হইল (বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচী পরিবর্তন করিতে পারিবেন)।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা হইতে ১টা পর্যন্ত | দিন ও তারিখ | বিষয় ও সময়<br>বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত |
|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)-১ম পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ-১ম পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান-১ম পত্র | বৃহস্পতিবার<br>১৬-৩-১৯৮৯ | ১। বাংলা (আবশ্যিক)-২য় পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ-২য় পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান-২য় পত্র |
| ১। ইংরেজী (আবশ্যিক)-১ম পত্র | শনিবার<br>১৮-৩-১৯৮৯ | ১। ইংরেজী (আবশ্যিক)-২য় পত্র |
| ১। গণিত (আবশ্যিক) | সোমবার<br>২০-৩-১৯৮৯ | ১। উচ্চতর বাংলা<br>২। উচ্চতর ইংরেজী |
| ১। লোহা লক্কড়ের কাজ (তত্ত্বীয়) | মঙ্গলবার<br>২১-৩-১৯৮৯ | ১। আরবী<br>২। সংস্কৃত<br>৩। উর্দু<br>৪। পালি |
| ১। ভূগোল | বুধবার<br>২২-৩-১৯৮৯ | ১। বস্ত্র পরিচ্ছদ |
| ১। সাধারণ বিজ্ঞান (সমন্বিত)-১ম পত্র | শনিবার<br>২৫-৩-১৯৮৯ | ১। সমাজ বিজ্ঞান-১ম পত্র (ইতিহাস) |
| ১। সাধারণ বিজ্ঞান (সমন্বিত)-২য় পত্র | সোমবার<br>২৭-৩-১৯৮৯ | ১। সমাজ বিজ্ঞান-২য় পত্র (অর্থনীতি ও পৌরনীতি) |
| ১। টাইপ লিখন (তত্ত্বীয়) | মঙ্গলবার<br>২৮-৩-১৯৮৯ | ১। কাঠের কাজ (তত্ত্বীয়) |
| ১। উচ্চতর গণিত | বুধবার<br>২৯-৩-১৯৮৯ | ১। সংগীত (তত্ত্বীয়)<br>২। জ্যামিতিক ও কারিগরী অংকন (তত্ত্বীয়) |
| ১। ইসলাম ধর্ম<br>২। হিন্দু ধর্ম<br>৩। খৃষ্টান ধর্ম<br>৪। বৌদ্ধ ধর্ম | বৃহস্পতিবার<br>৩০-৩-১৯৮৯ | ১। গৃহ পরিচালনা ও পারিবারিক জীবন |
| ১। বাণিজ্যিক গণিত ও হিসাব রক্ষণ | শনিবার<br>১-৪-১৯৮৯ | ১। ফলিত বিদ্যুৎ শক্তি (তত্ত্বীয়) |
| ১। বাণিজ্যিক ভূগোল | রবিবার<br>২-৪-১৯৮৯ | ১। বিজ্ঞান (কলা শাখার জন্য) |
| ১। খাদ্য ও পরিপুষ্টি (তত্ত্বীয়) | সোমবার<br>৩-৪-১৯৮৯ | ১। ব্যবসায় পদ্ধতি ও বাণিজ্য লিপি |

## বিশেষ নির্দেশাবলী

১। **সময়কালঃ** প্রশ্নপত্রে উল্লেখিত সময়ানুযায়ী পরীক্ষা গৃহীত হইবে।

২। (১) সাধারণ বিজ্ঞান-১ম পত্র, (২) সাধারণ বিজ্ঞান-২য় পত্র, (৩) খাদ্য ও পরিপুষ্টি, (৪) বস্ত্র ও পরিচ্ছদ, (৫) লোহা লক্কড়ের কাজ, (৬) কাঠের কাজ, (৭) টাইপ লিখন ও (৮) ফলিত বিদ্যুৎ শক্তি বিষয়গুলির ব্যবহারিক পরীক্ষা সকল অনুমোদিত পরীক্ষা কেন্দ্রে ৬-৪-১৯৮৯ তারিখ হইতে আরম্ভ হইবে।

৩। সাধারণ বিজ্ঞান (সমন্বিত) প্রথম ও দ্বিতীয় পত্রের তত্ত্বীয় এবং ব্যবহারিক পত্রে পৃথক পৃথকভাবে পাস করিতে হইবে।

৪। সমাজ বিজ্ঞান প্রথম ও দ্বিতীয় পত্রে পৃথকভাবে পাস করিতে হইবে।

৫। ৬-৪-১৯৮৯ তারিখে অনুষ্ঠিতব্য স্ব-স্ব কেন্দ্রের ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচী সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবগণ যথাসময়ে তাঁহাদের কেন্দ্রের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে ঘোষণা করিবেন এবং উহা ৬-৪-১৯৮৯ তারিখে আরম্ভ করিয়া ১২-৪-১৯৮৯ তারিখের মধ্যে সমাপ্ত করিবেন।

(ক) কেন্দ্রের সচিবগণকে ব্যবহারিক পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য ও সরঞ্জামাদি তাঁহাদের স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে প্রস্তুত রাখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন তিন দফায় (Three Shift) গ্রহণ করিতে হইবে। প্রতি দফায় ২০-২৫ জন করিয়া পরীক্ষার্থী অংশগ্রহণ করিবে। ব্যবহারিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হইতে বিষয় ও তারিখ অনুযায়ী স্বাক্ষরপত্রের যথাস্থানে অবশ্যই স্বাক্ষর নিতে হইবে।

৬। টাইপ লিখন ব্যবহারিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীগণ ইচ্ছা করিলে পরীক্ষা কক্ষে তাহাদের নিজস্ব টাইপ লিখন যন্ত্র ব্যবহার করিতে পারিবে।

৭। সংগীত বিষয়ের ব্যবহারিক পরীক্ষা ১৯৮৯ সনের ১৩-৪-১৯৮৯ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯ ঘটিকা হইতে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভবনে অনুষ্ঠিত হইবে। পরীক্ষার্থীগণকে তাহাদের সংগে নিজ নিজ প্রবেশপত্র, বাদ্যযন্ত্র যথাঃ সেতার অথবা বেহালা অথবা এস্রাজ অথবা দিলরুবা আনিতে হইবে। তবে হারমোনিয়াম ও তবলা আনার প্রয়োজন নাই। প্রত্যেক পরীক্ষার্থীকে সনাক্ত করিবার জন্য স্ব-স্ব বিদ্যালয় হইতে প্রধান শিক্ষক/প্রধান শিক্ষয়িত্রী অথবা প্রাধিকার প্রাপ্ত তাঁহার বিদ্যালয়ের কোন শিক্ষক বা শিক্ষয়িত্রীকে বোর্ডে ঐ তারিখে ৯ ঘটিকার পূর্বে হাজির থাকিতে হইবে।

৮। প্রধান শিক্ষক, শিক্ষয়িত্রীগণ স্ব-স্ব বিদ্যালয়ের পরীক্ষার্থীগণের (মান উন্নয়ন পরীক্ষার্থীসহ) প্রবেশপত্রসমূহ সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফি প্রদান করিয়া সংগ্রহ করিবেন।

৯। প্রাইভেট পরীক্ষার্থীগণকে সরাসরি সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফি প্রদানপূর্বক স্ব-স্ব প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে।

স্বাঃ আমজাদ আলী খান
পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা।

ডিএফপি-(স)২৮৪৪/১৫-২
জি—৭০৫/৮৯